

## 106563 - ইহরামকারী ব্যক্তির জন্য গোসল করা ও ইহরামের কাপড় পরিবর্তন করা কি জায়েয আছে?

### প্রশ্ন

পরিষ্কার-পরিচ্ছন্ন হওয়ার উদ্দেশ্যে মুহরিম ব্যক্তির জন্যে গোসল করা কি জায়েয আছে? মুহরিমের জন্যে ইহরামের কাপড় পরিবর্তন করা কি জায়েয আছে?

### প্রিয় উত্তর

মুহরিমের জন্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার উদ্দেশ্যে গোসল করা জায়েয আছে। কেননা হাদিসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি ইহরাম অবস্থায় গোসল করেছেন। অনুরূপভাবে ইহরামের কাপড় পরিবর্তন করে অন্য অতিরিক্ত পরিষ্কার বা নতুন কোন কাপড় পরিধান করা জায়েয। অনুরূপভাবে মুহরিমের জন্যে এসি বা আরামদায়ক অন্য কোন জিনিস ব্যবহার করার জায়েয।[সমাণ্ড]

[মাজমুউ ফাতাওয়া বিন উছাইমীন (২২/১৪৪)]